

মুগ (Green gram)

মুগ দানা খোসা সহ অথবা দ্বিখণ্ডিত অবস্থায় ডাল হিসাবে বহুল ব্যবহৃত হয়, বিশেষ করে

নিরামিষাশীদের কাছে

খুবই সমাদৃত।

প্রতিটি শুঁটির

ভিতর জাত ভেদে

১০-২০ টি বীজ

পাওয়া যাবে। কাঁচা

অবস্থায় শুঁটির রঙ

হালকা থেকে গাঢ় সবুজ,

পরিপক্ব হওয়ার সাথে সাথে রঙ ধূসর, জলপাই, হলদে, বাদামী এবং কালো

রঙের হয়ে যায়। এক একর জমিতে মুগ ফসল চাষ করা হলে প্রায় ২০ কেজি

নাইট্রোজেন মাটিতে সঞ্চিত হয় যা প্রায় ৪৪ কিলোগ্রাম ইউরিয়া সারের সমান

এবং পরবর্তী ফসলের নাইট্রোজেনের চাহিদা মেটাতে সাহায্য করে।

জলবায়ু : মুগ ডাল প্রধানত খারিফ মরশুমে বৃষ্টি নির্ভর ফসল হিসাবে অধিক চাষ হয়। দীর্ঘদিন ক্ষেপে ক্ষেপে বৃষ্টিপাত হয়, এমন স্থান মুগ চাষের জন্য উপযুক্ত। তবে ফুল আসার সময় অতিবৃষ্টি ফসলের পক্ষে ক্ষতিকারক। আবার শুঁটির বৃদ্ধির সময় মাটি সরস থাকা বা সামান্য বৃষ্টিপাত ভাল।

জমি নির্বাচন : উত্তম জল নিষ্কাশনের ব্যবস্থায়ুক্ত দৌয়াশ মাটি মুগ চাষের জন্য উত্তম। বেলে দৌয়াশ, এঁটেল দৌয়াশ এবং লাল দৌয়াশ মাটিতেও চাষ করা যায়। বন্যা প্রবন পলিমাটিতে বন্যার জল নেমে গেলে মুগ চাষ সম্ভব। বেলে বা এঁটেল মাটিতে মুগ চাষ তত ভাল হয় না।

জাত : মুগের উন্নত জাতগুলির মধ্যে উল্লেখযোগ্য হল — টি-৪৪ - বীজ অনউজ্জ্বল সবুজ, ৬৫-৭০ দিনের ফসল, দানা মাঝারি সাইজের, ফাল্গুন-চৈত্র মাসে বপন করা যায়।

পুসা বৈশাখী : বীজ অনুজ্জ্বল সবুজ, ৬০-৬৫ দিনের ফসল, শুঁটি



গুচ্ছাকার, দানা বড়, ফাল্গুন মাসের মাঝামাঝি থেকে বৈশাখ মাস পর্যন্ত বপন করা যায়।

কে - ৮৫১ (কানপুর - ৮৫১) — শাখায়ুক্ত, বীজ মাঝারি আকারের, রং সবুজ, প্রোটিনের (কানপুর-৮৫১) পরিমাণ ২৬-২৭ শতাংশ, ৬০-৭০ দিনের ফসল। এছাড়া উচ্চ ফলনশীল অন্যান্য জাতগুলি হল সশ্রাট (পি.ডি.এম-৮৪), পি.ডি.এম.-৫৪, বাসন্তী (পি.ডি.এম-১৪৩), পুষা বিশাল, পশু মুগ - ৪, জহর-৪৫, এম-৯, পি.এস-১৬ ইত্যাদি।

জমি তৈরী ও বীজ বপন : মাঠের পূর্ববর্তী ফসল কাটার পর সঙ্গে সঙ্গে লাঙ্গল অথবা পাওয়ার টিলার দিয়ে চাষ ও মই দিয়ে মাটি মোটামুটি মাঝারি ধরনের ঝুরঝুরে করে তৈরী করা যায়। পূর্ববর্তী ফসলের অবশিষ্টাংশ, আগাছা ইত্যাদি বাছাই করে, প্রয়োজনীয় জল নিকাশী এবং সেচের নালী তৈরী করে রাখতে হবে। বর্ষার সময় যেন অতিরিক্ত বৃষ্টির জল না দাঁড়ায় সে দিকে লক্ষ্য রেখে, সম্পূর্ণ জমি কয়েকটি খণ্ডে বিভক্ত করে, উপযুক্ত জল নিকাশী নালীর ব্যবস্থা রাখা আবশ্যিক।

সাধারণত খর্বাকার গাছের জন্য ২০-২৫ সে.মি. X ৮ সে.মি. এবং মাঝারি ও ছড়ানো স্বভাবের জাতের জন্য ৩০-৪৫ সে.মি. X ১০ সে.মি. দূরত্বে সারিতে বীজ বপন করা যায়। বীজ বপনের পর হালকাভাবে ৩-৫ সে.মি. গভীর মাটি দ্বারা ঢেকে দেওয়া ভাল। সাধারণত সারিতে বপন করা হলে একর প্রতি ৮-১ কেজি বীজ যথেষ্ট। সাথি ফসল হিসাবে অড়হর, আখ, ভূট্টা, তোরিয়া সরিষা, তুলা, টেপিলুকা, শাক সবজি ইত্যাদি ব্যবহার করা যায়।

মুগ স্বল্প মেয়াদী ফসল হওয়ার মাঠে প্রধান ফসল কাঁটা এবং পরবর্তী প্রধান ফসল বপনের আগে অন্তর্বর্তী সময়ে সহজে ধারক ফসল (Catch crop) হিসাবে চাষ করা সম্ভব।

খাদ্যের ব্যবস্থাপনা : জমি তৈরীর সময় প্রথম চাষে ৪ টন কম্পোস্ট অথবা উত্তম পচা গোবর একর প্রতি প্রয়োগ করা জলে রাইজোবিয়াম জীবানুর কর্মদক্ষতা বৃদ্ধি পায় এবং ফসলের বাড় ভাল হয়। শেষ চাষের সময় নাইট্রোজেন : ফসফোরাস : পটাশ, ২০:৪০:২০ হারে অর্থাৎ একর প্রতি ১৭ কেজি ইউরিয়া, ১০০ কেজি সিঙ্গেল সুপার ফসফেট এবং ১৩ কেজি মিউরিয়েট অব পটাশ

প্রয়োগ করে মাটির সঙ্গে মিশিয়ে দেওয়া প্রয়োজন। বীজ সারিতে বপন করা হলে, সার নালীতে, বীজ বোনার আগে ৫-৭ সে.মি. গভীরে প্রয়োগ করে মাটির সঙ্গে মিশিয়ে দেওয়া শ্রেয়।

জলের ব্যবস্থাপনা : সাধারণত গাছে ফুল আসার পর এবং শুঁটি বৃদ্ধির সময় জলসেচ খুবই গুরুত্বপূর্ণ। এই সময় প্রয়োজনে ১-২টি সেচ দেওয়া ভাল এবং বীজ বপনের আগে মাটিতে রস কম থাকলে এবং বৃষ্টিপাত না হলে, প্রাক বপন সেচ দিয়ে মাটির 'জো' এনে বীজ বপন করা প্রয়োজন। মুগ ফসলের আয়ুষ্কালে প্রায় ১৫-২০ সে.মি. জলের দরকার হয়।

অন্তর্বর্তী পরিচর্যা : সাধারণত বীজ বপনের ৩ সপ্তাহ এবং ৬ সপ্তাহের মাথায় দুইটি নিড়ি দেওয়ারা প্রয়োজন হয়।

ফসল তোলা : জলদি জাতের মুগ ফসল ৬০-৬৫ দিনের মধ্যে তোলা যায়। সাধারণত বীজ বপনের পর ৩৫-৪৫ দিনের মধ্যে ফুল ও শুঁটি ধরতে শুরু করে। জাতভেদে ৫০-৬০ দিনের মধ্যে প্রথম বার শুঁটি তোলা যায়। প্রথমবার শুঁটি তোলার ১০-১৫ দিন পর প্রায় ৮০-৮৫ শতাংশ শুঁটি তোলার উপযুক্ত হয়ে যায়।

শুকনো মুগদানার জলীয় অংশ ৭ শতাংশের নীচে বজায় রেখে, ঠাণ্ডা হলে বস্তাবন্দী করে বাজার জাত করা হয় অথবা গোলাজাত করে মজুত করে রাখা হয়। মজুত করা অবস্থায় গোলাজাত কীট শত্রুর হাত থেকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা অত্যাৱশ্যক।

মুগ ফসলের ঠিকমত যত্ন পরিচর্যা এবং উন্নত জাত ব্যবহার করা হলে একর প্রতি ৬-৭ কুইন্টাল ডাল শস্য পাওয়া যায়। বর্তমানে মুগের ফলন ২-৩ কুইন্টাল/একর।